তারিখ : 30 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

সমকাল

# প্রধানমন্ত্রীকে মেডিকেল টেকনোলজিস্টদের স্মারকলিপি

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজি কোর্স বন্ধসহ ১০ দফা দাবিতে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছেন আন্দোলনরত মেডিকেল টেকনোলজিস্টরা। একই সঙ্গে দাবি আদায়ে আগামী ৪ জুন পর্যন্ত সময় বেঁধে দিয়েছেন। অন্যথায়, ৫ জুন সারাদেশে সব সরকারি-বেসরকারি হাসপাতালে সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত কর্মবিরতি পালনের হুমকি দেন তারা।

গতকাল রোববার বিকেলে মেডিকেল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্ট জাতীয় দাবি বাস্তবায়ন পরিষদের ব্যানারে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হয়। এর আগে বিকেল ৩টায় পূর্বনির্ধারিত কর্মসূচি অনুযায়ী সারাদেশ থেকে আসা কয়েকশ' মেডিকেল টেকনোলজিস্ট কেন্দ্রীয় শহীদ মিনারে এসে জড়ো হন। সেখানে সংক্ষিপ্ত সমাবেশ শেষে মিছিলসহ স্মারকলিপি দিতে রওনা দেন তারা।

মিছিলটি টিএসসি মোড়ে গেলে পুলিশি বাধায় সেখানেই অবস্থান করেন তারা। এরপর বিকেল পৌনে ৪টার দিকে ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## প্রধানমন্ত্রীকে

[তৃতীয় পৃষ্ঠার পর]

টেকনোলজিস্টদের চার সদস্যের স্মারকলিপি দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্দেশে রওনা দেন। পরিষদের আহ্বায়ক চন্দ্র শেখর সাহার নেতৃত্বে প্রতিনিধি দলে ছিলেন শাহ আলম খান পারভেজ, আশিকুর রহমান ও মাহবুব হাসান।

স্মারকলিপি প্রদান শেষে মাহবুব হাসান বলেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের অভ্যর্থনা শাখা থেকে স্মারকলিপিটি গ্রহণ করা হয়।

এর আগে সমাবেশে চন্দ্র শেখর সাহা বলেন, ৪ জুনের মধ্যে দাবি মেনে না নিলে ৫ তারিখ সারাদেশে সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত কর্মবিরতি পালন করা হবে। এরপরেও যদি দাবি মানা না হয়, তাহলে রমজানে কর্মসূচি বাড়িয়ে ঈদের পর কঠোর কর্মসূচির মাধ্যমে হাসপাতালগুলো অচল করে দেওয়া হবে।